

৪৭

ডাচ-বাংলার বৃত্তি প্রদান অনুষ্ঠান মেধা বিকাশের সুযোগ করে দেয়া সবার দায়িত্ব ॥ অর্থ উপদেষ্টা

অর্থ, পরিকল্পনা, বাণিজ্য এবং ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. এবি মির্জা মোঃ আজিজুল ইসলাম বলেছেন, প্রত্যন্ত অঞ্চলের দারিদ্র্যপীড়িত পরিবারের মেধাবী সন্তানদের মেধা বিকাশের সুযোগ করে দেয়ার দায়িত্ব আমাদের সকলের। একটি দেশ শুধু মানবসম্পদ উন্নয়নের মাধ্যমে অগ্রগতি ত্বরান্বিত করে উন্নত দেশের সমপর্যায়ে পৌঁছাতে পারে। দক্ষিণ এশিয়ার দেশসমূহের অগ্রগতিতে এ



অর্থ, পরিকল্পনা, বাণিজ্য এবং ডাক ও টেলিযোগাযোগ উপদেষ্টা ড. এবি মির্জা মোঃ আজিজুল ইসলাম রবিবার ঢাকায় ওসমানী শ্রুতি মিলনায়তনে ডাচ-বাংলা ব্যাংক ফাউন্ডেশন আয়োজিত দরিদ্র ও মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন

দৃষ্টান্ত রয়েছে। তিনি রবিবার ঢাকার ওসমানী শ্রুতি মিলনায়তনে ডাচ-বাংলা ব্যাংক ফাউন্ডেশন আয়োজিত দরিদ্র ও মেধাবী ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এতথা বলেন। ডাচ-বাংলা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ইয়াছিন আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে ২০০৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে স্নাতক পর্যায়ে অধ্যয়নরত ৬ দৃষ্টি প্রতিবন্ধীসহ মোট ১৯৫ মেধাবী ও অসম্মল ছাত্রছাত্রীর মাঝে বৃত্তি প্রদান করা হয়। বৃত্তি হিসাবে প্রত্যেককে মাসে দু'হাজার টাকা এবং বইপত্র ক্রয়ের জন্য বছরে পাঁচ হাজার টাকা করে দেয়া হবে। উপদেষ্টা মেধার স্বীকৃতি প্রদানে ব্যর্থকিং প্রতিষ্ঠানের এগিয়ে আসাকে ইতিবাচক হিসেবে উল্লেখ করে বলেন, ইদানিং অনেক শিক্ষা প্রতিষ্ঠান এবং আর্থিক প্রতিষ্ঠানে পূর্বের তুলনায় মেধাভিত্তিক নিয়োগের প্রবণতা বৃদ্ধি পেয়েছে। তিনি মেধাভিত্তিক পদায়নকে সুপ্রতিষ্ঠিত করতে সর্বপ্রতি সকলকে অবদান রাখার আহ্বান জানান। -ড. শ্যাম বিবরণী।